

স্মারক নং-৩৮.০০.০০০০.০০১.২৭.০০২.১৭-২০২

তারিখঃ ১৩ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ  
২৮ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

জনাব মো: আবুল কাশেম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (বর্তমানে বিভাগীয় উপপরিচালকের কার্যালয়, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম-এ সংযুক্তির আদেশাধীন), দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা রাজশাহী কর্তৃক ২০১৫ সালের বোয়ালিয়া থানার প্রাথমিক বৃত্তি পরীক্ষার ফলাফল জালিয়াতি মামলায় গত ২১/০৮/২০১৭ তারিখ গ্রেফতার হন (মামলা নং-৭৬, তারিখ: ২১/০৮/১৭ইং)। বর্ণিত কর্মকর্তাকে ২২/০৮/২০১৭ তারিখ সকাল ১০ ঘটিকায় মেট্রোপলিটন আদালত, রাজশাহীতে চালান দেয়া হলে বিজ্ঞ আদালত বর্ণিত কর্মকর্তার জামিন আবেদন নাকচ করে জেল হাজতে প্রেরণ করেন। তৎপ্রেক্ষিতে বি.এস.আর পার্ট-১ এর ৭৩ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং ED(REG-6) ১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ: ২১/১১/১৯৭৮ অনুযায়ী ২১/০৮/২০১৭ তারিখ থেকে তাকে সরকারি চাকুরি হতে ভূতাপেক্ষভাবে সাময়িক বরখাস্ত করা হলো।

০২। সাময়িক বরখাস্তকালীন সময়ে তিনি প্রচলিত বিধি মোতাবেক খোরাকি ভাতা (Subsistence Allowance) প্রাপ্য হবেন।

৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,  
স্বাক্ষরিত/-  
২৮/০৯/১৭  
(মোহাম্মদ আসিফ-উজ-জামান)  
সচিব  
ফোন: ৯৫৭১৮০১

স্মারক নং-৩৮.০০.০০০০.০০১.২৭.০০২.১৭-২০২

তারিখঃ ১৩ আশ্বিন, ১৪২৪ বঙ্গাব্দ  
২৮ সেপ্টেম্বর, ২০১৭ খ্রিষ্টাব্দ

অনুলিপি-সদয় অবগতি/কার্যার্থে:

- ১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
- ২। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।  
(গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ৩। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম/রাজশাহী বিভাগ।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী।
- ৭। জেলা হিসাবরক্ষণ অফিসার, রাজশাহী/চট্টগ্রাম।
- ৮। জনাব মো: আবুল কাশেম, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাজশাহী।
- ৯। অফিস কপি।

নসরিন  
২৮/০৯/১৭  
(নাসরিন জাহান)  
উপ সচিব (প্রশা-১)